# NTRCA School: বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা: স্কুল পর্যায়
## পত্র রচনা: গরুত্বপূর্ণ প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ১: একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানে ব্যবস্থাপক/হিসাব রক্ষক পদে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন পত্র রচনা করুন।**

তারিখ : ১৩/০৬/২৪ খ্রি.
ব্যবস্থাপনা পরিচালক
অনলাইন রিডিং রুম পাবলিকেশন্স
১৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা।

বিষয় : ব্যবস্থাপক পদে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন।

জনাব,
বিনীত নিবেদন এই যে, দৈনিক যুগের আলো পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের মাধ্যমে জানতে পারলাম যে, আপনার প্রতিষ্ঠানে ব্যবস্থাপক পদে লোক নিয়োগ করা হবে। উল্লিখিত পদের একজন প্রার্থী হিসেবে নিচে আমার প্রয়োজনীয় তথ্যাদি উপস্থাপন করছি:

| | | |
|---|---|---|
| নাম | : | আইমান তাকী |
| পিতা | : | রশিদুজ্জামান |
| মাতা | : | রিমি জামান |
| বর্তমান ঠিকানা | : | বাড়ি # ৫২, রোড # ৭১, ডাকঘর - ক, থানা - খ, জেলা - গ। |
| স্থায়ী ঠিকানা | : | বাড়ি # ৫২, রোড # ৭১, ডাকঘর - ক, থানা - খ, জেলা - গ। |
| জন্ম তারিখ | : | ১০/০৯/২০০২ |
| জাতীয়তা | : | বাংলাদেশি |
| ধর্ম | : | ইসলাম |
| বৈবাহিক অবস্থা | : | অবিবাহিত |
| শিক্ষাগত যোগ্যতা | : | |

| পরীক্ষার নাম | পরীক্ষার সাল | ফলাফল | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|
| এস.এস.সি | ২০১৭ | জিপিএ ৫ | ঢাকা |
| এইচ.এস.সি | ২০১৯ | জিপিএ ৫ | ঢাকা |
| বিবিএস (অনার্স) | ২০২৩ | সিজিপিএ-৪ | ঢাকা বিশ্ববিদ্যালয় |
| এম. কম. | ২০২৪ | সিজিপিএ-৪ | ঢাকা বিশ্ববিদ্যালয় |

অভিজ্ঞতা : আর এফ এল লি. ঢাকা, বাংলাদেশ-এ এক বছর যাবৎ কর্মরত আছি।
অতএব, আপনার নিকট আবেদন, আমার উল্লিখিত যোগ্যতা বিবেচনা করে আমাকে ব্যবস্থাপক পদে নিয়োগ দান করলে আপনার প্রতি চির কৃতজ্ঞ থাকব।

বিনীত
আইমান তাকী
সংযুক্তি : ১। সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
২। ৩ কপি ছবি।
৩। ব্যাংক ড্রাফট্।

ডাক টিকেট

প্রেরক
আইমান তাকী
বাড়ি # ৫২, রোড # ৭১
ডাকঘর: ক, থানা : খ, জেলা : গ।

প্রাপক
ব্যবস্থাপনা পরিচালক
অনলাইন রিডিংরুম পাবলিকেশন্স
১৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা।

যে কোনো বিষয়ে **MCQ MODEL TEST** দিতে **visit কর www.onlinereadingroombd.com**

**প্রশ্ন ২ : একটি বে-সরকারি কলেজে প্রভাষক পদে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদনপত্র রচনা করুন।**

তারিখ : ১৩/০৬/২৪খ্রি.
অধ্যক্ষ
উত্তর বাংলা কলেজ
ডাকঘর : ক
উপজেলা : খ
জেলা : গ।
বিষয় : প্রভাষক পদে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন।
জনাব,
বিনীত নিবেদন এই যে, দৈনিক উত্তরের আলো পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের মাধ্যমে জানতে পারলাম যে, আপনার প্রতিষ্ঠানে বাংলা বিষয়ে প্রভাষক পদে লোক নিয়োগ করা হবে। উল্লিখিত পদের একজন প্রার্থী হিসেবে নিচে আমার প্রয়োজনীয় তথ্যাদি উপস্থাপন করছি:
নাম : নাবিল আহমেদ
পিতা : আহমেদ কামাল
মাতা : রায়হানা কামাল
বর্তমান ঠিকানা : বাড়ি # ৬৯, দারুস সালাম, ডাকঘর - মিরপুর, থানা-মিরপুর, জেলা-ঢাকা।
স্থায়ী ঠিকানা : বাড়ি # ৬৯, দারুস সালাম, ডাকঘর - মিরপুর, থানা-মিরপুর, জেলা-ঢাকা।
জন্ম তারিখ : ০৭/০৩/২০০২
জাতীয়তা : বাংলাদেশি
ধর্ম : ইসলাম
বৈবাহিক অবস্থা : অবিবাহিত
শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | পরীক্ষার সাল | ফলাফল | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|
| এস.এস.সি. | ২০১৭ | জিপিএ-৫ | ঢাকা |
| এইচ.এস.সি. | ২০১৯ | জিপিএ-৫ | ঢাকা |
| বি.এ. অনার্স (বাংলা) | ২০২৩ | সিজিপিএ-৪ | ঢাকা বিশ্ববিদ্যালয় |
| এম.এ. (বাংলা) | ২০২৪ | সিজিপিএ-৪ | ঢাকা বিশ্ববিদ্যালয় |

অভিজ্ঞতা : মুক্তিযোদ্ধা মেজর শামসুল আলম স্কুল ও কলেজ, মোহাম্মাদ পুর, ঢাকায় প্রভাষক পদে গত এক বছর যাবৎ কর্মরত আছি।
অতএব, আপনার নিকট আবেদন, আমার উল্লিখিত যোগ্যতা বিবেচনা করে আমাকে প্রভাষক (বাংলা) পদে নিয়োগ দান করলে আপনার প্রতি চির কৃতজ্ঞ থাকব।
বিনীত
নাবিল আহমেদ
সংযুক্তি : ১। সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
২। ৩ কপি ছবি।
৩। ব্যাংক ড্রাফট্।

**ডাক টিকেট**

প্রেরক
**নাবিল আহমেদ**
বাড়ি # ৬৯, দারুস সালাম
ডাকঘর : মিরপুর
থানা : মিরপুর
জেলা : ঢাকা।

প্রাপক
অধ্যক্ষ
উত্তর বাংলা কলেজ
ডাকঘর : ক
উপজেলা : খ
জেলা : গ।

যে কোনো বিষয়ে **MCQ MODEL TEST** দিতে **visit কর www.onlinereadingroombd.com**

**প্রশ্ন ৩ : একটি বে-সরকারি উচ্চ বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদনপত্র রচনা করুন।**

তারিখ : ১৩/০৬/২৪ খ্রি.
প্রধান শিক্ষক
মিঠামন উচ্চ বিদ্যালয়
ডাকঘর : মিঠামন
উপজেলা : মিঠামন
জেলা : ঢাকা।
বিষয় : সহকারী শিক্ষক পদে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন।
জনাব,
বিনীত নিবেদন এই যে, দৈনিক প্রথম আলো পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের মাধ্যমে জানতে পারলাম যে, আপনার প্রতিষ্ঠানে 'সহকারী শিক্ষক' পদে কিছু সংখ্যক শিক্ষক নিয়োগ করা হবে। উল্লিখিত পদের একজন প্রার্থী হিসেবে নিচে আমার প্রয়োজনীয় তথ্যাদি উপস্থাপন করছি:
নাম : আইমান তাকী
পিতা : রশিদুজ্জামান
মাতা : রিমি জামান
বর্তমান ঠিকানা : বাড়ি # ৬৯, দারুস সালাম, ডাকঘর - মিরপুর, থানা-মিরপুর, জেলা-ঢাকা।
স্থায়ী ঠিকানা : বাড়ি # ৬৯, দারুস সালাম, ডাকঘর - মিরপুর, থানা-মিরপুর, জেলা-ঢাকা।
জন্ম তারিখ : ০৭/০৩/২০০১
জাতীয়তা : বাংলাদেশি
ধর্ম : ইসলাম
বৈবাহিক অবস্থা : অবিবাহিত
শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | পরীক্ষার সাল | ফলাফল | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|
| এস.এস.সি. | ২০১৬ | জিপিএ-৫ | ঢাকা |
| এইচ.এস.সি. | ২০১৮ | জিপিএ-৫ | ঢাকা |
| বি.এ. (অনার্স) | ২০২২ | সিজিপিএ-৪ | ঢাকা বিশ্ববিদ্যালয় |
| এম.এ. | ২০২৩ | সিজিপিএ-৪ | ঢাকা বিশ্ববিদ্যালয় |

অভিজ্ঞতা : ধানমন্ডি মডেল উচ্চ বিদ্যালয়, ধানমন্ডি, ঢাকায় সহকারী শিক্ষক পদে গত তিন বছর যাবৎ কর্মরত আছি।
অতএব, আপনার নিকট আবেদন, আমার উল্লিখিত যোগ্যতা বিবেচনা করে আমাকে সহকারী শিক্ষক পদে নিয়োগ দান করলে আপনার প্রতি চির কৃতজ্ঞ থাকব।
বিনীত
আইমান তাকী
সংযুক্তি : ১। সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
২। ৩ কপি ছবি।
৩। ব্যাংক ড্রাফট্‌।

| প্রেরক | প্রাপক | **ডাক টিকেট** |
|---|---|---|
| আইমান তাকী | প্রধান শিক্ষক | |
| বাড়ি নম্বর : ৬৯, দারুস সালাম | মিঠামন উচ্চ বিদ্যালয় | |
| ডাকঘর : মিরপুর | ডাকঘর : মিঠামন | |
| থানা : মিরপুর | উপজেলা : মিঠামন | |
| জেলা : ঢাকা। | জেলা : ঢাকা। | |

## কাঠামো ঠিক রেখে নিচের আবেদনপত্রগুলো লেখা যেতে পারে।

(ক) একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানে অফিস সহকারী/স্টোরকিপার পদে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদনপত্র রচনা করুন।
(খ) একটি বে-সরকারি উচ্চ বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন পত্র রচনা করুন।
অথবা, কোনো মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষকপদে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদনপত্র রচনা করুন।
অথবা, কোনো শিক্ষাপ্রতিষ্ঠানে সহকারী শিক্ষক পদে নিযুক্তি লাভের জন্য দরখাস্ত লিখুন।
অথবা, কোনো বিদ্যালয়ে 'সহকারী শিক্ষক' পদে নিয়োগের জন্য একটি আবেদন রচনা করুন।
অথবা, কোনো মাধ্যমিক স্কুরে সহকারী শিক্ষক পদের জন্য একজন প্রার্থী হিসেবে আবেদন জানিয়ে একটি দরখাস্ত লেখ।
অথবা, কোনো (সরকারি/বেসরকারি) মাধ্যমিক অথবা প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য আবেদনপত্র রচনা কর।

যে কোনো বিষয়ে **MCQ MODEL TEST** দিতে **visit কর www.onlinereadingroombd.com**

**প্রশ্ন ৫: তোমার এলাকায় মাত্রাতিরিক্ত লোডশেডিংয়ের প্রতিকার চেয়ে যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে দৈনিক পত্রিকার চিঠিপত্র কলামে প্রকাশের জন্য সংবাদপত্রের সম্পাদক বরাবর একটি পত্র রচনা করুন।**

তারিখ : ১৩/০৬/২৪ খ্রি.
বরাবর
সম্পাদক
দৈনিক যুগের আলো
১০০ কাজী নজরুল ইসলাম এভিনিউ
কারওয়ান বাজার
ঢাকা।

বিষয় : চিঠিপত্র কলামে পত্র প্রকাশ প্রসঙ্গে।

জনাব,
বিনীত নিবেদন এই যে, আপনার বহুল প্রচারিত দৈনিক 'যুগের আলো' পত্রিকার চিঠিপত্র কলামে নিম্নলিখিত পত্রটি প্রকাশ করলে এলাকাবাসীর পক্ষে আমি আপনার নিকট চির কৃতজ্ঞ থাকব।

বিনীত
এলাকাবাসীর পক্ষে
মনন রহমান
কেরানিগঞ্জ
ঢাকা।
লোড শেডিংয়ের দ্রুত প্রতিকার চাই

ঢাকা জেলার অন্তর্গত কেরানিগঞ্জ একটি উল্লেখযোগ্য শিল্পসমৃদ্ধ এলাকা। এখানে প্রায় পাঁচ হাজার ছোট বড় কলকারখানা রয়েছে। তাই এই এলাকাতে প্রতিনিয়ত বিদ্যুতের প্রয়োজন। অথচ বিগত একমাস যাবৎ এখানে প্রতিদিন ৭/৮ ঘণ্টা লোডশেডিং চলছে। এর ফলে উৎপাদন ব্যবস্থায় প্রচণ্ড বিঘ্নের সৃষ্টি হচ্ছে। কলকারখানাগুলোতে পূর্বের তুলনায় ব্যাপকহারে উৎপাদন হ্রাস পেয়েছে। এ অবস্থা চলতে থাকলে উৎপাদন বন্ধ করে দেয়া ছাড়া উপায় থাকবে না।
লোডশেডিংয়ের কারণে শুধু ব্যবসায়ীরা নয়, ক্ষতিগ্রস্ত হচ্ছে ছাত্র-ছাত্রীদের লেখাপড়াও। এই ক্ষতির সবচেয়ে বেশি শিকার চলমান এইচ. এস. সি. পরীক্ষার্থীরা। বিদ্যুতের আলোতে লেখাপড়া করে অভ্যস্ত ছাত্র-ছাত্রীরা ঘন ঘন বিদ্যুৎ যাওয়ার কারণে বিকল্প আলোতে পড়াশুনা করতে পারছে না। তাছাড়া প্রচণ্ড গরমেও তাদের জীবন অতিষ্ঠ।
অন্যদিকে, লোডশেডিংয়ের কারণে এলাকার আইন শৃঙ্খলা পরিস্থিতিরও চরম অবনতি ঘটেছে। প্রতিদিনই চুরি, ছিনতাই, রাহাজানির ঘটনা কোথাও না কোথাও ঘটছেই এবং দিন দিন তা বেড়েই চলছে।
এমতাবস্থায়, জাতীয় উৎপাদনের স্বার্থে এবং জনগণের সুস্থ-স্বাভাবিক জীবনযাপনকল্পে শীঘ্রই আমাদের এলাকায় স্বাভাবিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

বিনীত
এলাকাবাসীর পক্ষে
মুগ্ধ আহমেদ
কেরানিগঞ্জ
ঢাকা।

| | | |
|---|---|---|
| | | **ডাক টিকিট** |
| প্রেরক<br>মুগ্ধ আহমেদ<br>কেরানিগঞ্জ<br>ঢাকা। | প্রাপক<br>সম্পাদক<br>দৈনিক যুগের আলো<br>১৫ মতিঝিল<br>ঢাকা। | |

যে কোনো বিষয়ে **MCQ MODEL TEST** দিতে **visit কর www.onlinereadingroombd.com**

**************************

ড. এ. আই. এম. মুসা
অধ্যাপক-বাংলা
www.onlinereadingroombd.com